

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 15 June, 2025

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, পরবর্তী জাতীয় নির্বাচন যখনই হোক না কেন, নির্বাচন কমিশনকে সহায়তা করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাগুলো সম্পূর্ণরূপে প্রস্তুত।

আজ রোববার সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের বলেন, নির্বাচনের তারিখ নির্ধারণ করবে নির্বাচন কমিশন। আমাদের আইন প্রয়োগকারী সংস্থাগুলো সেই তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য সহায়তা করতে প্রস্তুত।

পুলিশ কাজক্ষিত পর্যায়ে সক্রিয় হয়েছে কি না—এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, যদি মনে করেন যে সক্রিয় থাকার অর্থ পুলিশ সবসময় মানুষকে মারধর করবে—যেমনটা গত ১৫ বছরে ঘটতে দেখেছি—তাহলে আমরা সেই পুলিশ বাহিনী চাই না। আমরা একটি জনবান্ধব পুলিশ বাহিনী চাই।

তিনি আরও বলেন, পুলিশ নাগরিকদের সঙ্গে সম্মানজনক আচরণ করে তাদের কর্তব্য পালন করবে। তারা এখন আগের তুলনায় অনেক বেশি সক্রিয়।

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন ভালো।